রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ডিসেম্বর ১৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**ইপ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৭১-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঢ), ধারা ৭১ ও ৭২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (পরিষদ পরিদর্শনের পদ্ধতি এবং পরিদর্শকের ক্ষমতা) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) "পরিদর্শক" অর্থ আইনের ধারা ৭১ এর উপ-ধারা (৩) এবং ধারা ৭২ এ নির্ধারিত বা ক্ষমতাপ্রাপ্ত বা মনোনীত কর্মকর্তা;

(গ) "পরিষদ" অর্থ আইনের ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত ইউনিয়ন পরিষদ।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

৩। **পরিদর্শক।**—আইনের ধারা ৭১ ও ৭২ এর উদ্দেশ্য পূরণকল্পে, ডেপুটি কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা এবং বিভাগীয় প্রধান বা তৎকর্তৃক মনোনীত কোন কারিগরি কর্মকর্তা পরিদর্শক হিসাবে দায়িত্ব পালন করিবেন।


**মূল্য ঃ** টাকা ৪.০০

৪। **পরিষদ পরিদর্শন ও বার্ষিক পরিদর্শন**।—(১) পরিদর্শক যে কোনো সময়ে যে কোনো পরিষদ পরিদর্শন করিতে পারিবেন।

(২) পরিদর্শক তাঁহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত পরিষদসমূহ প্রতি পঞ্জিকা বৎসরে অন্যূন একবার পরিদর্শন করিবেন।

(৩) পরিষদ পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শক এতদুদ্দেশ্যে সরকার নির্ধারিত মানদণ্ড (Standard) অনুসরণ করিবেন।

৫। **পরিদর্শকের ক্ষমতা ও কার্যাবলী**।—(১) পরিদর্শনের সময় পরিদর্শক নিম্নবর্ণিত বিষয়াবলী পরীক্ষা করিবেন, যথা:—

পরিষদের—

(ক) সকল বহি, রেজিস্টার, সভার কার্যবিবরণী ও রেকর্ডপত্র;

(খ) নগদ তহবিল;

(গ) তহবিল যাচাইয়ের জন্য ব্যাংক জমার স্লিপ ও ব্যাংক ব্যালান্স যাচাইয়ের জন্য ব্যাংকের হাল নাগাদ বিবরণী (Bank Statement);

(ঘ) প্রয়োজনীয় আয়-ব্যয় উল্লিখিত যে কোনো নথিপত্র;

(ঙ) আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য আদেশ, নির্দেশ ও পরিপত্র অনুসারে পরিষদের সম্পাদিত কার্যাবলী;

(চ) সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরিতে নিয়োগ ও অন্যান্য বিষয়াবলী;

(ছ) সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি;

(জ) আইনের ধারা ৪৭ এবং দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ তফসিল এ বর্ণিত কার্যাবলী ও বিষয়াবলী; এবং

(ঝ) পরিষদ কর্তৃক বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন (রাজস্ব ও উন্নয়ন) সকল কার্যাবলী।

(২) পরিদর্শক তাঁহার পরিদর্শনের সম্ভাব্য তারিখ পূর্বেই লিখিতভাবে সংশ্লিষ্ট পরিষদকে অবহিত করিবেন।

৬। **পরিষদের নথিপত্র উপস্থাপন**।—পরিদর্শক কর্তৃক পরিদর্শন কাজে সকল প্রকার সহায়তা করা পরিষদের কর্তব্য হইবে এবং এতদুদ্দেশ্যে পরিষদ চেয়ারম্যান অথবা চেয়ারম্যান এর দায়িত্ব পালনকারী ব্যক্তি তাঁহার অধীনস্থ যে কোনো বা সকল কর্মকর্তা ও কর্মচারীকে পরিদর্শন কাজে সহায়তা প্রদানের জন্য লিখিতভাবে আদেশ প্রদান করিবেন।

৭। **পরিদর্শন প্রতিবেদন**।—(১) পরিদর্শক, পরিদর্শনের পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে, যথাযথ সুপারিশ সম্বলিত একটি পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(২) পরিদর্শক যদি ডেপুটি কমিশনার হন সেইক্ষেত্রে সরকারের নিকট এবং যদি ডেপুটি কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা হন সেইক্ষেত্রে ডেপুটি কমিশনারের নিকট উক্ত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করিবেন।

৮। **কারিগরি তদারকি ও পরিদর্শন**।—(১) আইনের ধারা ৭২ এর উদ্দেশ্য পূরণকল্পে, কোন বিভাগের বিভাগীয় প্রধান এবং তৎকর্তৃক মনোনীত কারিগরি কর্মকর্তাগণ কারিগরি পরিদর্শক হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন।

(২) কারিগরি তদারকি ও পরিদর্শনের নিমিত্ত সরকার উপ-বিধি (১) এ বর্ণিত কর্মকর্তাগণসহ অন্য যে কোন বিভাগ বা দপ্তরের কারিগরি সংশ্লিষ্ট উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে, সময় সময়, এক বা একাধিক কারিগরি পরিদর্শক টিম গঠন করিতে পারিবে।

(৩) কারিগরি পরিদর্শক পরিষদ বা ক্ষেত্রমত কারিগরি পরিদর্শক টিম, কর্তৃক বাস্তবায়িত বা বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ এবং তৎসংশ্লিষ্ট রেকর্ড, নতিপত্র, আয়-ব্যয়ের হিসাব এবং অন্যান্য কাগজাদি তদারকি ও পরিদর্শন করিবেন এবং পরিদর্শনের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে, যথাযথ সুপারিশ সম্বলিত একটি পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(৪) কারিগরি পরিদর্শক যদি বিভাগীয় প্রধান হন সেইক্ষেত্রে সরকারের নিকট এবং যদি অন্য কোন কর্মকর্তা হন সেইক্ষেত্রে বিভাগীয় প্রধানের নিকট একটি পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করিবেন।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে The Local Councils (Inspection) Rules, 1961 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত Rules এর অধীন কৃত বা চলমান কার্য অথবা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা চলমান অথবা গৃহীত বলিয়া গণ্য হইবে।

(৩) রহিতকৃত Rules এর অধীন কোন কার্যধারা নিষ্পত্তি করিবার বা চলমান রাখিবার ক্ষেত্রে কোন অসুবিধা বা শূন্যতা দেখা দিলে উহা রহিতকৃত Rules এর অধীনেই এমনভাবে নিষ্পন্ন করা বা চলমান রাখা যাইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd